# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৭৬

৫১/ দু’আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সুদিনের অপেক্ষা করা ইত্যাদি

باب فِي انْتِظَارِ الْفَرَجِ وَغَيْرِ ذَلِكَ

আরবী

حَدَّثَنَا أَبُو مُوسَى، مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ يَزِيدَ بْنِ خُمَيْرٍ الشَّامِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُسْرٍ، قَالَ نَزَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى أَبِي فَقَرَّبْنَا إِلَيْهِ طَعَامًا فَأَكَلَ مِنْهُ ثُمَّ أُتِيَ بِتَمْرٍ فَكَانَ يَأْكُلُ وَيُلْقِي النَّوَى بِأُصْبُعَيْهِ جَمَعَ السَّبَّابَةَ وَالْوُسْطَى قَالَ شُعْبَةُ وَهُوَ ظَنِّي فِيهِ إِنْ شَاءَ اللَّهُ فَأَلْقَى النَّوَى بَيْنَ أُصْبُعَيْنِ ثُمَّ أُتِيَ بِشَرَابٍ فَشَرِبَهُ ثُمَّ نَاوَلَهُ الَّذِي عَنْ يَمِينِهِ قَالَ فَقَالَ أَبِي وَأَخَذَ بِلِجَامِ دَابَّتِهِ ادْعُ لَنَا ‏.‏ فَقَالَ ‏"‏ اللَّهُمَّ بَارِكْ لَهُمْ فِيمَا رَزَقْتَهُمْ وَاغْفِرْ لَهُمْ وَارْحَمْهُمْ ‏"‏ ‏.‏ قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ ‏.‏ وَقَدْ رُوِيَ أَيْضًا مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُسْرٍ ‏.‏

বাংলা

৩৫৭৬. আবূ মূসা মুহাম্মাদ ইবন মুছান্না (রহঃ) ...... আবদুল্লাহ ইবন বুসর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন আমাদের মেহমান হলেন। আমরা তাঁর কাছে খাবার পেশ করলাম। তিনি তা থেকে কিছু খেলেন। এরপর খেজুর হাযির করা হল। তিনি তা খাচ্ছিলেন এবং মধ্যমা ও তর্জনী একত্রিত করে দুই আঙ্গুল দিয়ে বীচি নিক্ষেপ করছিলেন। বর্ণনাকারী শু’বা (রহঃ) বলেনঃ আমার ধারনা হচ্ছে যে, তিনি হয়তো দুই আঙ্গুলের মাঝ দিয়ে বীচি নিক্ষেপ করছিলেন। এরপর তাঁর জন্য পানীয় আনা হল। তিনি তা পান করলেন এবং তাঁর ডান পার্শ্ববর্তী লোককে তা দিয়ে দিলেন। আবদুল্লাহ ইবন বুসর রাদিয়াল্লাহু আনহু বলেনঃ আমার পিতা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ঘোড়ার লাগাম ধরে বললেনঃ আমাদের জন্য দু’আ করুন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু’আ করলেনঃ হে আল্লাহ! আপনি বরকত দিন তাদের রিযকে, মাফ করে দিন তাদের এবং রহমত করুন তাদের।

সহীহ, মুসলিম ৬/১২২, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৫৭৬ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সাহীহ। আবদুল্লাহ ইবন বুসর রাদিয়াল্লাহু আনহু থেকে অন্য সূত্রেও এটি বর্ণিত হয়েছে।

## English

`Abdullah bin Busr narrated:

“The Messenger of Allah (ﷺ) stayed with my father.” So he said: “We brought some food near him, so he ate from it, then he was brought dates, so he would eat it and cast the pit with his two fingers” - he joined between his forefinger and middle finger - Shu`bah said: “And that is what I think concerning it, if Allah wills.” - “and he cast the pit between two fingers, then he was brought drink, so he drank it and then passed it to the one on his right.” He said: “So my father said - as he took hold of the rein of his beast: ‘Supplicate for us.’ So he said: ‘O Allah, bless for them what You have provided them, and forgive them, and have mercy on them (Allāhumma bārik lahum fī mā razaqtahum waghfir lahum warḥamhum).’”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু বুসর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38978

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন